জমি / বাড়ি / ফ্ল্যাট



জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - "কিনতে" অথবা "বিক্রি" করতে চাইলে যোগাযোগ করুন - 9062867921



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



কবিতা / গল্প

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 25 SEPTEMBER 2025 ,THURSDAY | ২৫ সেপ্টেম্বর ২০২৫ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-404


## কলকাতায় বিদ্যুৎস্পৃষ্টের ঘটনায় হাইকোর্টে জনস্বার্থ মামলা করলেন নওশাদ সিদ্দিকী



এই যুগ, কলকাতা, ২৪ সেপ্টেম্বর : প্রাকৃতিক দুর্যোগ ও সরকারের অব্যবস্থা ফলে মঙ্গলবার কলকাতায় বিদ্যুৎপৃষ্ট হয়ে কমপক্ষে ১০ জন মারা গেছে। এর দায় সিইএসসি সহ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তার সরকারকে নিতে হবে। এই মর্মে আজ বুধবার কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা (পিআইএল) দায়ের করলেন ইন্ডিয়ান সেকুলার ফ্রন্টের চেয়ারম্যান তথা ভাঙ্গরের বিধায়ক নওশাদ সিদ্দিকী। জমা জলে এত সংখ্যক মানুষের প্রাণ চলে গেল, অথচ এর জন্য সিইএসসি কর্তৃপক্ষ কিংবা রাজ্যের মুখ্যমন্ত্রী বা তার সরকার কোন দায়-দায়িত্ব নিতে নারাজ। নওসাদ সিদ্দিকী এও জানিয়েছেন , এই চরম গাফিলতির জন্য তৃণমূল কংগ্রেস সরকার ও সিইএসসি দায়ী। এই ঘটনার তদন্ত হওয়া প্রয়োজন।

## প্রকাশ্য দিবালোকে জরিমানা আলিপুরদুয়ারে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২৪ সেপ্টেম্বর : প্রকাশ্য দিবালোকে জনবহুল এলাকায় ধূমপান করে জরিমানা দিতে হলো আলিপুরদুয়ার জেলা শহরে এমনটাই জানা গেছে বুধবার বিকেল সাড়ে চারটা নাগাদ। এদিন জেলা শহরের বিভিন্ন এলাকায় প্রকাশ্যে ধূমপান সহ বিভিন্ন দোকানে নেশা জাতীয় দ্রব্য বিক্রয় করার দরুণ দোকানে হানা দেন সরকারি আধিকারিকরা। ব্যবসায়ীদের জরিমানার পাশাপাশি সতর্কবার্তা দেওয়া হয়েছে। বিশেষ করে স্কুল-কলেজের সামনের দোকানগুলোতে লাগাতার ভাবে নেশা জাতীয় দ্রব্য বিক্রয় চলছে। এর ফলেই এখন জরিমানা শুরু হয়েছে সরকারি আধিকারিকদের পক্ষ থেকে।

## সেফ ড্রাইভ সেভ লাইফ নিয়ে পথে নামল ছাত্র-ছাত্রীরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : পুজোর প্রাক্কালে দুর্ঘটনা এড়াতে শামুকতলা থানার পুলিশের পক্ষ থেকে জনগণকে সচেতন করার লক্ষ্যে সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা শামুকতলার বিভিন্ন পথ পরিক্রমা করলো। প্রতিনিয়ত বাড়ছে দুর্ঘটনা। পুজোর মরশুমে দুর্ঘটনা আরো বাড়বে তাই আশঙ্কা করে পুলিশের পক্ষ থেকে এদিন সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি উপলক্ষ্যে জনগণকে সচেতন করা হলো। এদিন এই কর্মসূচিতে যোগদান করেছেন স্কুলের ছাত্রছাত্রীরা।

## আলিপুরদুয়ার জংশনে ব্যবসায়ীদের গ্রেপ্তার নিয়ে উত্তেজনা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জংশনে ব্যবসায়ীদের গ্রেপ্তার হওয়ার পরেই প্রচন্ড উত্তেজনা ছড়িয়েছে। এলাকার বাসিন্দারা ব্যবসায়ীদের নিঃশর্ত মুক্তি দেওয়ার দাবি জানিয়ে আরপিএফ এর গাড়ি আটকে দিয়েছে । গাড়ি আটকে দেওয়ার পর প্রচন্ড উত্তেজনা ছড়িয়েছে আলিপুরদুয়ার জংশনে। বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজা। পুজোর মুখে ব্যবসায়ীদের উচ্ছেদ অভিযান শুরু হয়েছে আলিপুরদুয়ার জংশনে। আর এর ফলে বিপাকে পড়েছেন ব্যবসায়ীরা। আর সেই পূজার প্রাক মুহূর্তে উচ্ছেদ অভিযান এবং ব্যবসায়ী গ্রেপ্তার হওয়ায় প্রচন্ড উত্তেজনা ছড়িয়েছে জংশন এলাকায়। প্রচুর মানুষের সমাগম হয়েছে আরপিএফের গাড়ি ঘেরাও করার পর। এদিকে আরপিএফ দের গাড়ি ঘেরাও করার পর তাদেরকে অফিসে যাওয়ার কথা বলেন আর পি এফ কর্তারা।

# কোচবিহারে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে গৃহবধূ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : বাইসনের আক্রমণে গুরুতর জখম মহিলাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ভর্তি করার পর বুধবার রাত সাড়ে আটটা নাগাদ জখম মহিলাকে কোচবিহার স্থানান্তরিত করা হয়েছে এমনটাই জানা গেছে জখম মহিলার নিকট আত্মীয় প্রদীপ দাসের কাছ থেকে। এদিকে বুধবার রাত দশটা পর্যন্ত বিভিন্ন এলাকায় চলছে বনকর্মীদের তল্লাশি দুর্ঘটনা রুখতে। আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের উত্তর মজিদখানা এলাকায় বাইসন বের হয়েছে বুধবার সকাল ছয়টা নাগাদ। বিকেল চারটা নাগাদ বাইইসনকে ঘুম পাড়ানি গুলি করা হয়।গুলি করার প্রায় দেড় ঘন্টা পর ওই এলাকার বাসিন্দা অনিমা দাস কে জখম করে বাইসনটি। এরপরে বিকেল সাড়ে ছটা নাগাদ তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ভর্তি করা হয়। রাত সাড়ে আটটা নাগাদ তার অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে কোচবিহার স্থানান্তরিত করেন। আশঙ্কাজনক অবস্থায় তাকে কোচবিহার নিয়ে রওনা দিয়েছেন জখম মহিলার নিকট আত্মীয়রা। এদিকে বনকর্তাদের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন এলাকার বাসিন্দা থেকে শুরু করে জখম মহিলার পরিবার। সকাল ছয়টা থেকে বাইসন এলাকায় ঘুরে বেড়াচ্ছে বিকেল চারটা নাগাদ কেন ঘুম পাড়ানি গুলি করা হয়েছে এই নিয়ে প্রশ্ন উঠেছে। এদিকে সকাল থেকেই এক ডজন আধিকারিক সহ শতাধিক বনকর্মী এলাকায় পাহারায় ছিলেন। তবে জখম মহিলার অবস্থা আশঙ্কাজনক এমনটাই জানা গেছে তার পরিবার সূত্রে। খবর লেখা পর্যন্ত মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন তিনি কোচবিহারে।

# সন্ধ্যা থেকেই জনশূন্য ধারসি এলাকা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : একদিকে লোডশেডিং অন্যদিকে বাইসনের আতঙ্ক সঙ্গে মুষলধারে বৃষ্টি যার ফলে জনজীবন স্তব্ধ হয়ে গেল ৩১ নম্বর জাতীয় সড়কের ধাড়সী চৌপথী এলাকায় বুধবার সন্ধ্যা সাড়ে ৬ টা নাগাদ। রীতিমতো আতঙ্কে জনশূন্য হয়ে গেল জনবহুল এলাকা। এলাকার ব্যবসায়ী এবং সাধারণ বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে ধাড়সী চৌপথীর খুব কাছেই বাইসন বের হয়েছে। এর ফলে অধিকাংশ মানুষ ঘরবন্দী হয়ে পড়েছেন। তাছাড়া লোডশেডিং এবং মুষলধারে বৃষ্টির দরুন জনবহুল এলাকা জনশূন্য হয়ে গেছে সন্ধ্যা নাগাদ। রীতিমতো ব্যবসায়ীদের অনেকেই সন্ধা নাগাদ দোকান বন্ধ করে নিরাপদ আশ্রয় বাড়িতে চলে গেছেন। তবে বনদপ্তর এবং পুলিশ ওই এলাকায় রয়েছে বাইসন বের হয়ে পাছে কাউকে আঘাত করে তার জন্য।

# জেলাশাসকের নির্দেশে আলিপুরদুয়ারে অনাথ শিশুদের অন্নপ্রাশন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : জেলাশাসকের নির্দেশে অনাথ শিশুদের মুখে ভাত উঠল আলিপুরদুয়ারে। দেবীপক্ষের তৃতীয় দিনে বুধবার আলিপুরদুয়ার সাক্ষী থাকল এক হৃদয়স্পর্শী মুহূর্তের।আলিপুরদুয়ারে বড় হয়ে উঠা পাঁচজন অনাথ শিশু তাদের প্রথম ভাত খাওয়া (অন্নপ্রাশন) অনুষ্ঠান পালন করল।জেলা শাসক আর. বিমলার উদ্যোগে এই অনুষ্ঠানটি আয়োজন করে জেলা শিশু কল্যাণ সমিতি। নতুন পোশাকে সজ্জিত দুই কন্যা ও তিন পুত্র প্রথমবারের মতো পায়েস মুখে দেয়, সঙ্গে মঙ্গলমন্ত্র, উলুধ্বনি ও শঙ্খধ্বনি। ছেলেদের মাথায় ছিল ঐতিহ্যবাহী টোপর, আর মেয়েরা লাল চেলি পরিহিতায় জ্বলজ্বল করছিল।প্রথা অনুযায়ী গঙ্গামাটি, ধান, কলম ও রূপোর কয়েন তাঁদের সামনে অর্পণ করা হয়। অনুষ্ঠান পরিচালনাকারী পুরোহিত তরুণ গাঙ্গুলি বলেন, “অনেক অন্নপ্রাশন করেছি, কিন্তু আজকের অভিজ্ঞতা একেবারেই আলাদা। মনে হচ্ছে যেন এক মহাপুণ্যকর্ম করতে পারলাম।”জেলা শিশু কল্যাণ সমিতির সভাপতি অসীম বোস জানান, জেলা শাসকের নির্দেশ ও পূর্ণাঙ্গ রীতিনীতি মেনেই এই অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার এসডিও দেবব্রত রায়, সৌরভ চক্রবর্তী ও মৃদুল গোস্বামী। রায় বলেন, “আমাদের পরবর্তী দায়িত্ব হবে এই শিশুদের সঠিক পরিবারে পৌঁছে দেওয়া। নিঃসন্তান দম্পতিরা আবেদন করলে সরকারি নিয়ম অনুযায়ী তাঁদের হস্তান্তর করা হবে।”শেষে শিশুরা খুশিমনে মিষ্টি খেয়ে নেয়—তাদের উজ্জ্বল চোখে আনন্দ স্পষ্ট হয়ে ওঠে।



# চা বাগানের সমস্যা মিটে গেছে বৈঠকে




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : বৃহস্পতিবার থেকে খুলে যাবে কোহিনুর চা বাগান এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে বুধবার রাত সাড়ে আটটা নাগাদ। গত ১৯ শে সেপ্টেম্বর রাতের অন্ধকারে বাগান ছেড়ে চলে গিয়েছিল বাগান কর্তৃপক্ষ। ২০ শে সেপ্টেম্বর বাগানের ট্রেড ইউনিয়নের নেতৃত্ব এবং শ্রমিকরা শামুকতলা থানায় এসে লিখিত অভিযোগ দায়ের করেছিলেন ম্যানেজারকে গ্রেফতারের জন্য। অবশেষে বুধবার শ্রমিকদের বকেয়া বেতন মিটিয়ে দেওয়ার আশ্বাস দিয়েছেন বাগান কর্তৃপক্ষ ত্রিপাক্ষিক বৈঠকে। এদিকে শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দের কাছ থেকে জানা গেছে রাতেই বাগান কর্তৃপক্ষ বাগানে চলে এসেছেন। শ্রমিকদের বকেয়া বেতন তাদের একাউন্টে ঢুকে যাচ্ছে রাত থেকেই। ব্যাংক পরিষেবা ভালো থাকলে বৃহস্পতিবার থেকেই বোনাস দেওয়া হবে ১০ শতাংশ । সূত্রের খবর যদিও সরকারি নির্দেশ ২০ শতাংশ বোনাস দেওয়ার। বাকি দশ শতাংশ বোনাস হোলিতে পাঁচ শতাংশ এবং বড়দিনে ৫ শতাংশ দেওয়া হবে। তবে সিটু নেতা বিদ্যুৎ গুণ জানিয়েছেন রীতিমতো শ্রমিকদের বাধ্য করে তাদের বেতন আটকে দিয়ে ১০ শতাংশ বোনাস দিবে বর্তমান সময়ে বাগান কর্তৃপক্ষ । সরকারি নির্দেশ থাকা সত্ত্বেও তারা কুড়ি শতাংশ বোনাস পাচ্ছে না।

# ফালাকাটা থানা থেকে পালিয়ে যাওয়া আসামী গ্রেপ্তার বীরপাড়া থেকে



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ২৪ সেপ্টেম্বর: পুলিশের চোখে ধুলো দিয়েও শেষ রক্ষা হলো না রীতিমতো নায়িকার ভূমিকায় থাকা মমতাজ সুলতানের। প্রায় সিনেমার দৃশ্যের মতো ঘটনার সাক্ষী রইল আলিপুরদুয়ারের বীরপাড়া চা বাগানের এলাকার বাসিন্দারা। বুধবার সকাল সাড়ে সাতটার দিকে এনডিপিএস মামলার এক মহিলা আসামি থানার ভিতর থেকে পালিয়ে যায় এবং চোখের সামনে থেকে উধাও হয়ে যায়। বুধবার রাত দশটা নাগাদ ওই আসামি মহিলাকে গ্রেপ্তার করেছে পুলিশ জানিয়েছেন আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার ওয়াই রঘুবংশী। তাকে গ্রেফতার করা হয়েছে বীরপাড়া চা বাগান এলাকা থেকে। রীতিমতো সিনেমার শুটিং এর মত অভিযুক্ত কে তুলে নিয়ে আসে পুলিশ। অভিযুক্ত মহিলার নাম মমতাজ সুলতানা। গত সোমবার জটেশ্বরে নিষিদ্ধ মাদকদ্রব্য রাখার অভিযোগে তাঁকে গ্রেপ্তার করে পুলিশ। পরে তাঁকে আলিপুরদুয়ার জেলা আদালতে হাজির করা হয় এবং তিন দিনের পুলিশি হেফাজতে পাঠানো হয়।পুলিশ সূত্রে জানা গেছে, বুধবার সকালে টয়লেট ব্যবহারের পর অসুস্থতার কথা জানালে তাঁকে দায়িত্বে থাকা মহিলা সিভিক ভলান্টিয়ার ও প্রহরীর অনুমতিতে থানার শিশু কর্নারে বসানো হয়। ওই সময়ে প্রহরীদের সামান্য অসতর্কতার সুযোগ নিয়ে সুলতানা দৌড়ে বাইরে বেরিয়ে যান এবং অদৃশ্য হয়ে যান। ঘটনার পর মুহূর্তেই থানায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ফালাকাটার অলিগলিতে চিরুনি তল্লাশি শুরু হয়। কিন্তু শেষ রক্ষা হয়নি। পলাতক আসামিকে ধরতে পেরেছে পুলিশ। বুধবার রাত দশটা নাগাদ পুলিশ সুপার ওয়াই রঘুবংশী জানিয়েছেন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। উল্লেখ্য, গত ২২ সেপ্টেম্বর একটি গোপন সূত্রের খবরের ভিত্তিতে জটেশ্বর থানার ওসি ও তাঁর দল মমতাজ সুলতানা ও তাঁর স্বামী মামিনুল ইসলামকে গ্রেপ্তার করে। তাঁদের কাছ থেকে ৩৩,৬০০ পেভন স্পাস প্লাস ক্যাপসুল উদ্ধার হয়। দম্পতির বিরুদ্ধে এনডিপিএস আইনের প্রাসঙ্গিক ধারায় মামলা রুজু হয়েছে। সূত্রের খবর ফালাকাটা থানা থেকে আসামি পালিয়ে যাওয়ার পর আলিপুরদুয়ার জেলার সমস্ত থানাতে নজর দারি বাড়ানো হয়েছে। তবে ওই অভিযুক্ত মহিলা কিভাবে বীরপাড়া চা বাগান এলাকায় গেলেন তা খতিয়ে দেখছে পুলিশ।






EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |